দৈনিক সংবাদ

৫

তারিখ 19 JAN 1989
পৃষ্ঠা 1 কলাম 8

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৩

# খুলনায় মেডিক্যাল কলেজ স্থাপন করা হবেঃ রাষ্ট্রপতি

খুলনা, ১৮ই জানুয়ারী (বাসস)।—রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ আজ এখানে ২৫০ শয্যাবিশিষ্ট খুলনা হাসপাতাল উদ্বোধনকালে বলেন, সাধারণ মানুষের ভাগ্যোন্নয়নই বিভিন্ন খাতে তার সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মসূচীর সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্য।

রাষ্ট্রপতি ঘোষণা করেন, খুলনায় একটি মেডিক্যাল কলেজ স্থাপন করা হবে এবং এই অঞ্চলের জনগণের আশা-আকাঙ্ক্ষা পূরণের লক্ষ্যে শিগগিরই এর কাজ শুরু করার পদক্ষেপ নেয়া হবে।

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## রাষ্ট্রপতি

(১ম পাতার পর)

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনামন্ত্রী এম, এ মুনএম, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা প্রতিমন্ত্রী এ, বি, এম রুহুল আমিন হাওলাদার, যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী এইচ, এম, এ গাফফার এবং স্বাস্থ্য সচিব এস, হাসান আহমদও এ অনুষ্ঠানে বক্তৃতা করেন।

তিনি সমবেত লোকদের উদ্দেশে বলেন, ৪ হাজার ৫শ' ইউনিয়নের সব কটিতে সরকারের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র স্থাপনের পরিকল্পনা রয়েছে এবং এ ধরনের ১৮শ, কেন্দ্র ইতিমধ্যেই চালু হয়েছে।

রাষ্ট্রপতি বলেন, এছাড়া দেশের বিভিন্ন অংশে আধুনিক হাসপাতাল নির্মাণ করা হচ্ছে। কুমিল্লায় ২৫০ শয্যার এবং ফরিদপুরে ২শ' শয্যার হাসপাতাল নির্মাণ করা হবে। নারায়ণগঞ্জে ইতিমধ্যেই একটি আধুনিক হাসপাতাল নির্মাণ করা হয়েছে। তিনি আরো বলেন, আগামী অর্থবছরে খুলনা হাসপাতালে একটি নিউক্লিয়ার মেডিসিন বিভাগ স্থাপনের কাজ হাতে নেয়া হবে।

রাষ্ট্রপতি খুলনায় একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের কথা উল্লেখ করে বলেন, বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপনের জন্যে তিনি শিগগিরই এখানে আসবেন।

তিনি খুলনা নগরীর উন্নয়নের জন্যে ৩ কোটি টাকা মঞ্জুরের কথা ঘোষণা করেন।